হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-১৩ ঃ মেহেরপুর-রোববার ২৬ অক্টোবর ২০২৫ ইং ঃ ১০ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ৩ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



সম্পর্কের গোপন রহস্য জানালেন রাশমিকা -পৃষ্ঠা-৩



## ২৩ নভেম্বর দেশে ফেরার সম্ভাবনা তারেক রহমানের

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান আগামী ২৩ নভেম্বর দেশে ফেরার সম্ভাবনা রয়েছে। দলীয় সূত্রে জানা গেছে, এই দিনকে কেন্দ্র করে সব ধরনের প্রস্তুতি নেওয়া হচ্ছে। শনিবার গুলশানে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ জানান, নভেম্বরের মধ্যেই তারেক রহমান দেশে ফিরবেন। দলীয় সূত্রে জানা গেছে, দেশে ফেরার পর তিনি গুলশানের ৭৯ ও ১৯৬ নম্বর বাসা মিলিয়ে থাকবেন। নিরাপত্তা ইস্যু সর্বাধিক গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে এবং দলের পক্ষ

২-এর পৃষ্ঠা দেখুন

### কৃষি আছে, শিল্প নেই

# দিশাহারা মেহেরপুরের অর্থনীতি

## সম্ভাবনা থাকলেও পিছিয়ে সীমান্তের এই জেলা




**ধান, পাট ও সবজির সবুজ শোভা থাকলেও অর্থনৈতিক অগ্রগতি থেমে আছে বহুদিন। কৃষির ওপর নির্ভরশীল এই জেলার অর্থনীতি শিল্প ও বিনিয়োগের অভাবে ক্রমেই দিশাহারা হয়ে পড়ছে মানুষ।**

নিজস্ব প্রতিবেদক

সীমান্তঘেঁষা মেহেরপুর প্রকৃতির দান আর মানুষের পরিশ্রমে সমৃদ্ধ এক জেলা। মাঠে ধান, পাট ও সবজির সবুজ শোভা থাকলেও অর্থনৈতিক অগ্রগতি থেমে আছে বহুদিন। কৃষির ওপর নির্ভরশীল এই জেলার অর্থনীতি শিল্প ও বিনিয়োগের অভাবে ক্রমেই দিশাহারা হয়ে পড়ছে মানুষ। কৃষকরা ভোর থেকে সন্ধ্যা পর্যন্ত মাঠে ঘাম ঝরান। কিন্তু আধুনিক প্রযুক্তি, সংরক্ষণ সুবিধা ও বাজারসংযোগের ঘাটতিতে তাদের পরিশ্রমের সঠিক মূল্য তারা পান না। মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্যে কৃষকের ভাগ্য নির্ধারণ হয় অন্যের হাতে। ফলন ভালো হলেও লাভ থাকে অনিশ্চিত। অন্যদিকে, শিল্প খাতে তেমন কোনো দৃশ্যমান উদ্যোগ নেই। ক্ষুদ্র ও কুটির শিল্পে কিছু উদ্যোগ থাকলেও বড় আকারের শিল্প প্রতিষ্ঠা না থাকায় কর্মসংস্থানের সুযোগ সীমিত। তরুণেরা জীবিকার আশায় ঢাকাসহ বড় শহরে পাড়ি জমাচ্ছে। সরকারি প্রকল্প ও উন্নয়ন পরিকল্পনা থাকলেও বাস্তবায়নে শিথিলতা এবং নজরদারির অভাবে কাঙ্ক্ষিত ফল আসছে না। সীমান্ত বাণিজ্যের অপার সম্ভাবনা থাকা সত্ত্বেও তা ব্যবহারের পথ নেই। অর্থনীতিকে ঘুরে দাঁড় করাতে চাই সঠিক পরিকল্পনা, আধুনিক কৃষি প্রযুক্তির প্রয়োগ, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের বিকাশ এবং বিনিয়োগবান্ধব পরিবেশ। ব্যবসায়ীরা বলছেন, জেলার অর্থনীতিকে টেকসই করতে হলে কৃষিভিত্তিক ক্ষুদ্র শিল্প স্থাপন, প্রক্রিয়াজাতকরণ কারখানা গড়ে তোলা এবং সীমান্ত বাণিজ্য সম্প্রসারণে সরকারি পরিকল্পনা জরুরি। কৃষক কবির আলম বলেন," কৃষি নির্ভর এই অঞ্চলে আধুনিক কৃষি ব্যবস্থাপনার অভাব, সংরক্ষণাগারের স্বল্পতা ও ন্যায্য মূল্যের অভাব। স্থানীয় কৃষকেরা প্রায়শই মধ্যস্থতাকারীদের ওপর নির্ভরশীল থাকেন, যার ফলে লাভের বড় অংশ চলে যায় বাইরের বাজারে।"

উদ্যোক্তা নজনিন নাহার বলেন, "শিল্প খাতে বিনিয়োগ নেই বললেই চলে। ফলে কর্মসংস্থান সংকটে পড়ছে তরুণ প্রজন্ম। প্রতিবছর হাজারো তরুণ কাজের সন্ধানে চলে যাচ্ছেন বড় শহর বা বিদেশে।" অর্থনীতির গবেষক নাসরীন সুলতানা চৌধুরী বলেন, "একসময় জেলার অর্থনীতির মূল

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর ও চুয়াডাঙ্গা সীমান্তে ১২০ বাংলাদেশি হস্তান্তর

নিজস্ব প্রতিবেদক

ভারতের সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) গতকাল শনিবার দিনভর পৃথক তিন দফায় মেহেরপুর ও চুয়াডাঙ্গা সীমান্তে মোট ১২০ জন বাংলাদেশিকে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)-এর কাছে হস্তান্তর করেছে। বিজিবি সূত্রে জানা গেছে, শনিবার সকাল ১০টার দিকে মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর সীমান্তের আন্তর্জাতিক পিলার ১৪৭ মেইন পিলারের কাছে শহীদ স্মরণী পয়েন্ট দিয়ে ৩০ জন বাংলাদেশিকে বিজিবির কাছে হস্তান্তর করে বিএসএফ। হস্তান্তরকৃতদের মধ্যে ৬ জন তৃতীয় লিঙ্গের সদস্য রয়েছেন। ১১-গান্দিনা বিএসএফের কোম্পানি কমান্ডার এবিসন ফ্রান্‌কো হস্তান্তর কার্যক্রম সম্পন্ন করেন। বাংলাদেশের পক্ষ থেকে কাজিপুর কোম্পানি কমান্ডার সুবেদার শাহাবুদ্দিন তাদের গ্রহণ করেন। এরপর দুপুর ১২টার দিকে একই উপজেলার কাথুলি সীমান্তের আন্তর্জাতিক পিলার ১৩৩/৩-এস পয়েন্টে আরও ৩০ জন

২-এর পৃষ্ঠা দেখুন



## পুলিশের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

আগামী জাতীয় নির্বাচনে দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পুলিশের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত তিনদিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার ৬ষ্ঠ ব্যাচের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল মেহেরপুর পুলিশ লাইন্সে এ কর্মশালার উদ্বোধন করেন জেলা পুলিশ সুপার

২-এর পৃষ্ঠা দেখুন

## ফ্রি ব্লাড গ্রুপিং কর্মসূচি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডে বাংলাদেশ জামায়াতে ইসলামীর উদ্যোগে ফ্রি ব্লাড গ্রুপিং কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার দুপুরে ওয়ার্ড এলাকায় এ কার্যক্রমের উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন মেহেরপুর জেলা সভাপতি ও বুড়িপোতা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুর রউফ মুকুল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর পৌর শাখার আমির সোহেল রানা ডলার। এ সময় স্থানীয় নেতৃবৃন্দ ও তরুণ

২-এর পৃষ্ঠা দেখুন



## ইটভাটা মালিক সমিতির অভিষেক ও বিভাগীয় সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা ইটভাটা মালিক সমিতির উদ্যোগে জেলা কমিটির অভিষেক ও খুলনা বিভাগীয় প্রতিনিধি সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার দুপুরে মুজিবনগর পর্যটন মোটেলে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে খুলনা বিভাগের বিভিন্ন জেলার ইটভাটা মালিকরা অংশ নেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগীয় ইটভাটা মালিক

২-এর পৃষ্ঠা দেখুন



## শ্রীলংকায় লিডারশিপ কর্মশালায় মউক-এর

নিজস্ব প্রতিবেদক

শ্রীলংকার রাজধানী কলম্বোতে আন্তর্জাতিক পর্যায়ের ব্যাসিক লিডারশিপ ডেভেলপমেন্ট এডুকেশন কর্মশালা অনুষ্ঠিত হতে যাচ্ছে। এসবা ইন্টারন্যাশনাল নেটওয়ার্কের সহযোগিতায় সাত দিনের এই

২-এর পৃষ্ঠা দেখুন




## সার ও বীজ মনিটরিং কমিটির সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

গাংনীতে বিএডিসি ও বিসিআইসির ডিলারদের সঙ্গে সার ও বীজ মনিটরিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল ১১টার দিকে উপজেলা পরিষদ সভাকক্ষে এ সভা অনুষ্ঠি হয়। সভায় সভাপতিত্ব করেন গাংনী উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্য-সচিব ও উপজেলা কৃষি কর্মকর্তা ইমরান হোসেন। প্রধান

২-এর পৃষ্ঠা দেখুন



## জামায়াতে ইসলামীর গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের টেংরামারী গ্রামে বাংলাদেশ জামায়াতে ইসলামী জেলা শাখার উদ্যোগে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।গতকাল শনিবার বিকালেটেংরামারী গ্রামের বিভিন্ন সড়ক ও ব্যবসাপ্রতিষ্ঠানে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে নেতৃত্ব দেন মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এ সময় উপস্থিত ছিলেন জেলা জামায়াতে ইসলামী নায়েবে আমির মাওলানা মাহবুব আলম, সদর উপজেলা আমির সোহেল রানা, সদর

২-এর পৃষ্ঠা দেখুন



## তারুণ্যের উৎসবের আন্তঃওয়ার্ড ফুটবল টুর্নামেন্ট

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের উদ্যোগে অনুষ্ঠিত তারুণ্যের উৎসব উপলক্ষে ওয়ার্ড ভিত্তিক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে ২ নম্বর ওয়ার্ড (হরিরামপুর ঝাঁঝা) একাদশ চ্যাম্পিয়ন হয়েছে। গতকাল শনিবার বিকেলে গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত ফাইনাল খেলায় ২ নম্বর ওয়ার্ড একাদশ ১-০ গোলে ১ নম্বর ওয়ার্ড (ফতেপুর, কামদেবপুর, ইছাখালী) একাদশকে পরাজিত করে। খেলায় দ্বিতীয়ার্ধের ৪ মিনিটে রমে জয়সূচক গোলটি করেন। বিজয়ী দলের

২-এর পৃষ্ঠা দেখুন




## নিয়োগ পরীক্ষায় অনিয়মের অভিযোগে সিভিল সার্জন কার্যালয়ে তালা

নিজস্ব প্রতিবেদক.কুস্টিয়া

কুষ্টিয়া সিভিল সার্জন কার্যালয়ে বিভিন্ন পদে নিয়োগ পরীক্ষায় অনিয়মের অভিযোগে গতকাল শনিবার দুপুরে নতুন দুটি তালা লাগানো হয়েছে। এতে সিভিল সার্জন শেখ মোহাম্মদ কামাল হোসেনসহ নিয়োগ প্রক্রিয়ায় জড়িত কর্মকর্তারা ভেতরে আটকা পড়েছেন। বিক্ষোভকারীরা দাবি করছেন, যতক্ষণ পর্যন্ত সিভিল সার্জন ও কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আবাসিক চিকিৎসা কর্মকর্তা (আরএমও) হোসেন ইমাম অপসারণ এবং নিয়োগ প্রক্রিয়া বাতিল

২-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গায় বাবুর্চির মরদেহ উদ্ধার

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গা শহরের সরকারি কলেজ এলাকার রেস্টুরেন্টের দরজা ভেঙে ওই প্রতিষ্ঠানের বাবুর্চি আশীকের (২১) মরদেহ উদ্ধার করা হয়েছে।গতকাল শনিবার (২৫ অক্টোবর) দুপুরে তার সহকর্মীরা ঘরের ভেতর অচেতন অবস্থায় পড়ে থাকতে দেখে দরজা ভেঙে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেন। সেখানে চিকিৎসক আশীককে মৃত ঘোষণা করেন। নিহত আশীক সাতক্ষীরা জেলার কালীগঞ্জ উপজেলার সোনাপুর গ্রামের শ্রী জয় কুমারের ছেলে। তিনি প্রায় ছয় মাস ধরে ওই

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

অনুবাক্য
মামুনুর রশিদ মামুন
খবর (সীমান্ত সুরক্ষায়
বিজিবি'র নতুন ইউনিট গঠন)
পুরাতন দিয়ে হচ্ছে না কাজ
নতুন করে ভাবছে
পুরাতনরা যাচ্ছেনা বাদ
নতুনের সাথে থাকছে।
চোরা চালানোর নতুন রুট
তিন জেলায় ঘটছে
বান্দরবন কুড়িগ্রাম মেহেরপুরে
হচ্ছে।
বিজিবির ধরন পাল্টে গেলে
পাল্টাবে মাদক কারবারি
এমন সুযোগ করবে গ্রহ ন
চোরের উপর বাটপারি।
চোরা চালান রোধ হবে
রক্ষা থাকবে সীমান্ত
আইন শৃঙ্খলা ঠিক রাখা
নতুন ইউনিটের দায়িত্ব।




সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
■ অথেনটিক প্রোডাক্ট
■ সেরা দাম
■ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ রোববার ॥ ১০ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ২৬ অক্টোবর ২০২৫ইং



## লালন শিল্পীকে ছুরিকাঘাত, সংস্কৃতিকর্মীদের নিন্দা

নিজস্ব প্রতিবেদক.কুস্টিয়া

কুষ্টিয়া সদর উপজেলার মিললাইন এলাকায় অজ্ঞাতদুর্বৃত্তদের ছুরিকাঘাতে লালন একাডেমির সংগীতশিল্পী রতন (৪২) গুরুতর আহত হয়েছেন। শুক্রবার (২৪ অক্টোবর) রাত ১টার দিকে ঘটনাটি ঘটে। আহত রতন কুমারখালীর চাপড়া ইউনিয়নের

## যুক্তরাষ্ট্র থেকে প্রথমবার সরকারিভাবে গম আমদানি শুরু

সূর্যোদয় প্রতিবেদন



বাংলাদেশে প্রথমবারের মতো সরকারিভাবে যুক্তরাষ্ট্র থেকে গম আমদানি শুরু হয়েছে। শনিবার (২৫ অক্টোবর) খাদ্য মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, যুক্তরাষ্ট্র ও বাংলাদেশ সরকারের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক (এমওইউ) অনুযায়ী এই গম আমদানির কার্যক্রম শুরু হয়েছে। সরকারি পর্যায়ে (জিটুজি ভিত্তিতে) মোট ৪ লাখ ৪০ হাজার মেট্রিক টন গম আমদানি করা হবে। এরই অংশ হিসেবে প্রথম চালানে ৫৬ হাজার ৯৫৯ মেট্রিক টন গম নিয়ে যুক্তরাষ্ট্রের জাহাজ 'মাই নর্স স্ট্রাইড' শনিবার চট্টগ্রাম বন্দরের বহিঃনোঙরে এসে পৌঁছেছে। খাদ্য মন্ত্রণালয় জানিয়েছে, খাদ্য অধিদপ্তর ও যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগ (ইউএসডিএ) এর মধ্যে সম্পাদিত চুক্তি অনুসারে আমদানি কার্যক্রম চলছে। ইতোমধ্যে জাহাজে থাকা গমের নমুনা পরীক্ষার কাজ শুরু হয়েছে। নমুনা পরীক্ষার পর দ্রুত খালাসের ব্যবস্থা নেওয়া হবে। বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, আমদানিকৃত গমের মধ্যে ৩৪ হাজার ১৭০ মেট্রিক টন চট্টগ্রাম বন্দরে এবং ২২ হাজার ৭৮৯ মেট্রিক টন মোংলা বন্দরে খালাস করা হবে। সরকারি পর্যায়ে

৩-এর পৃষ্ঠা দেখুন

## ছোটখাটো পার্থক্য ভুলে সবাইকে নির্বাচনে অংশ নেওয়ার আহ্বান ফখরুলের

সূর্যোদয় প্রতিবেদন

দেশের সব রাজনৈতিক দলকে ছোটখাটো পার্থক্য ভুলে আগামী জাতীয় নির্বাচনে অংশ নেওয়ার আহ্বান জানিয়েছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শনিবার (২৫ অক্টোবর) রাজধানীর বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে দৈনিক নয়াদিগন্ত-এর ২১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ আহ্বান জানান তিনি। ফখরুল বলেন, "নির্বাচনের ঘোষণা এসেছে। আশা করছি, এরই মধ্যে প্রয়োজনীয় সংস্কারের বিষয়গুলো সমাধান হয়েছে। একটি গ্রহণযোগ্য নির্বাচনের মাধ্যমে

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## হাড়ের যত্নে গুরুত্বপূর্ণ যেসব উপাদান

সূর্যোদয় প্রতিবেদক

হাড় সুস্থ রাখার কথা উঠলেই আমাদের মাথায় আসে ক্যালসিয়ামের কথা। কিন্তু চিকিৎসকদের মতে, কেবল ক্যালসিয়ামই যথেষ্ট নয়ড়হাড়ের গঠন ও স্বাস্থ্য ধরে রাখতে প্রয়োজন আরও কিছু জরুরি পুষ্টি উপাদানের। এর মধ্যে রয়েছে ভিটামিন ডি, ম্যাগনেশিয়াম, প্রোটিন এবং ভিটামিন কে-২।

বিশেষজ্ঞরা বলছেন, হাড়ের ঘনত্ব, নমনীয়তা ও শক্তি বজায় রাখতে এই উপাদানগুলো একে অপরের সঙ্গে সমন্বয়ে কাজ করে। ক্যালসিয়াম যেখানে হাড়ের মূল গঠন উপাদান, সেখানে ভিটামিন ডি সাহায্য করে শরীরে ক্যালসিয়াম শোষণে। সূর্যালোক: ভিটামিন ডি-র সবচেয়ে সহজ উৎস

ভিটামিন ডি-৩ মূলত সূর্যের আলো থেকে পাওয়া যায়, যা শরীরের অন্ত্রে ক্যালসিয়াম শোষণে সহায়তা করে। এছাড়াও, ডিম, দুধ ও বিভিন্ন দুগ্ধজাত খাবারে ভিটামিন ডি-৩ পাওয়া যায়। প্রোটিন ও দুধ: হাড়ের গঠনে সহায়ক।দুধ খাওয়ার পরামর্শ শুধু ক্যালসিয়ামের কারণে নয়, এতে থাকা উচ্চমাত্রার প্রোটিনও হাড়ের গঠন ও শক্তিতে ভূমিকা রাখে। দুধের প্রায় ৫০ শতাংশই প্রোটিন, যা হাড়ের কোষ গঠনে সহায়তা করে। ম্যাগনেশিয়াম: চিকিৎসকদের মতে, ম্যাগনেশিয়াম হাড়ের খনিজ ভারসাম্য বজায়

৩-এর পৃষ্ঠা দেখুন



## সংঘাতের জন্য সবাই মুখিয়ে আছে তথ্য উপদেষ্টা মাহফুজ আলম

সূর্যোদয় প্রতিবেদন

প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনুসের কারণে অনেকেই সংঘাতে জড়াচ্ছে না, তবে সবাই সংঘাতের জন্য মুখিয়ে আছে বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মাহফুজ আলম। শনিবার রাজধানীতে 'মাজার সংস্কৃতি - সহিংসতা, সংকট এবং ভবিষ্যৎ ভাবনা' শিরোনামের জাতীয় সংলাপে তিনি এ মন্তব্য করেন। মাহফুজ আলম বলেন, "প্রধান উপদেষ্টার কারণে অনেকেই সংঘাতে জড়াচ্ছে না। তবে সবাই সংঘাতের জন্য মুখিয়ে আছে। সরকার বদলালেই মসজিদের ইমাম পরিবর্তন হয়, ইসলামিক ফাউন্ডেশনের চেয়ারম্যান বদলে যায়।" তথ্য উপদেষ্টা আরও বলেন, "মুসলিমদের ঐক্যবদ্ধ করা নিয়ে বিগত রাজনৈতিক নেতারা কোনো উদ্যোগ নেননি। সবাই নিজের স্বার্থে ব্যবহার করেছেনড়কেউ সুন্নিদের, কেউ কওমিদের।

২-এর পৃষ্ঠা দেখুন

## 'দল হিসেবে আওয়ামী লীগের বিচার হলে জামায়াতের হবে না কেন' মাসুদ কামাল

সূর্যোদয় প্রতিবেদন

জ্যেষ্ঠ সাংবাদিক ও রাজনৈতিক বিশ্লেষক মাসুদ কামাল বলেছেন, যদি দল হিসেবে আওয়ামী লীগের বিচার হতে পারে, তবে দল হিসেবে জামায়াতেরও বিচার হওয়া উচিত। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় জামায়াতে ইসলামী যে ভূমিকা রেখেছিল, তারও বিচার হওয়া প্রয়োজন বলে মন্তব্য করেছেন তিনি। সম্প্রতি নিজের ইউটিউব চ্যানেলে প্রকাশিত এক ভিডিও বার্তায় তিনি বলেন, "যে কাজটা এখন আওয়ামী লীগের জন্য হচ্ছেড়দল হিসেবে যদি আওয়ামী লীগের বিচার হতে পারে, তাহলে দল হিসেবে '৭১ সালে জামায়াতের ভূমিকার বিচার হবে না কেন? হওয়া তো উচিত।" 'আইনে এখন দলের বিচার সম্ভব' মাসুদ কামাল বলেন, "আগে দল হিসেবে বিচার করার কোনো আইনি কাঠামো ছিল না।

২-এর পৃষ্ঠা দেখুন



## বাস্তবায়নের নিশ্চয়তা পেলে জুলাই সনদে সই করবে এনসিপি: আখতার হোসেন

সূর্যোদয় প্রতিবেদন

বাস্তবায়নের নিশ্চয়তা পেলে জুলাই জাতীয় সনদে স্বাক্ষর করবে জাতীয় গণতান্ত্রিক পার্টি (এনসিপি)। শনিবার জাতীয় ঐকমত্য কমিশনের সঙ্গে বৈঠক শেষে দলটির সদস্যসচিব আখতার হোসেন এ কথা জানিয়েছেন। রাজধানীর সংসদ ভবনের এলডি হলে সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত প্রায় তিন ঘণ্টাব্যাপী বৈঠকটি অনুষ্ঠিত হয়। বৈঠকে জুলাই সনদের বাস্তবায়ন প্রক্রিয়া নিয়ে বিস্তারিত জানতে চায় এনসিপি প্রতিনিধিদল। কমিশন জানায়, সনদ বাস্তবায়নে একটি সাংবিধানিক আদেশের খসড়া প্রণয়ন করা হচ্ছে। তবে এনসিপির নেতাদের কাছে সেই খসড়া উপস্থাপন করা হয়নি। বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে আখতার হোসেন বলেন, "শুধু

২-এর পৃষ্ঠা দেখুন

## ভারতে অস্ট্রেলিয়ান দুই নারী ক্রিকেটার যৌন হয়রানির শিকার

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের মধ্যপ্রদেশ রাজ্যের ইন্দোরে অস্ট্রেলিয়ান নারী ক্রিকেট দলের দুই সদস্য যৌন হয়রানির শিকার হয়েছেন। বৃহস্পতিবার (২৪ অক্টোবর) সকালে হোটেল থেকে ক্যাফেতে যাওয়ার পথে এ ঘটনা ঘটে। পরে পুলিশ দ্রুত অভিযুক্ত ব্যক্তিকে গ্রেফতার করেছে। পুলিশ ও দলের নিরাপত্তা কর্মকর্তাদের সূত্রে জানা গেছে, ঘটনাটি ঘটে শহরের খাজারানা রোডে, যখন দুই নারী ক্রিকেটার র?্যাডিসন ব্লু হোটেল থেকে বের হয়ে হেঁটে একটি ক্যাফের দিকে যাচ্ছিলেন। এ সময় মোটরসাইকেলে চড়ে আসা এক ব্যক্তি তাদের পিছু নেয় এবং এক খেলোয়াড়কে অশালীনভাবে স্পর্শ করে দ্রুত পালিয়ে যায়। দুই খেলোয়াড় সঙ্গে সঙ্গে দলের নিরাপত্তা কর্মকর্তা ড্যানি সিমন্সকে বিষয়টি জানান। তিনি

২-এর পৃষ্ঠা দেখুন



## কার্গো ভিলেজের অগ্নিকাণ্ড তদন্তে আসছে ৪ দেশের বিশেষজ্ঞ

সূর্যোদয় প্রতিবেদন

হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় তদন্তে চার দেশের বিশেষজ্ঞদের আমন্ত্রণ জানিয়েছে সরকার। শনিবার (২৫ অক্টোবর) বেলা ১২টার দিকে ক্ষতিগ্রস্ত কার্গো ভিলেজ ও ই-গেট এলাকা পরিদর্শন শেষে এ তথ্য জানান স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। তিনি বলেন, "কার্গো ভিলেজ এলাকায় অগ্নিকাণ্ডের ঘটনা তদন্তে ইংল্যান্ড, তুরস্ক, অস্ট্রেলিয়া ও চীন থেকে বিশেষজ্ঞ দল আসছে। তারা এসে ঘটনার কারণ ও দায় নির্ধারণে সহায়তা করবেন। পাশাপাশি এখানে কোনো অব্যবস্থাপনা ছিল কিনা, সেটিও যাচাই করবেন।" উপদেষ্টা জানান, আগুন লাগার পর বিমানবন্দরের নিজস্ব চারটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে।

৩-এর পৃষ্ঠা দেখুন



## শেখ হাসিনার সঙ্গে বর্তমান শাসনব্যবস্থার পার্থক্য নেই: রুমিন ফারহানা

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির সহ-আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক রুমিন ফারহানা মন্তব্য করেছেন, শেখ হাসিনার ১৫ বছরের শাসনব্যবস্থা এবং বর্তমান এক বছর দুই মাসের শাসনব্যবস্থার মধ্যে খুব বেশি পার্থক্য নেই। সম্প্রতি জার্মানির সংবাদমাধ্যম ডয়চে ভেলেকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি

৩-এর পৃষ্ঠা দেখুন

## পানিপ্রবাহ নিয়ন্ত্রণে কুনার নদীতে বাঁধ দিচ্ছে আফগানিস্তান

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের দিকে পানিপ্রবাহ নিয়ন্ত্রণে নদীতে বাঁধ নির্মাণের উদ্যোগ নিয়েছে আফগানিস্তান। দেশটির কুনার নদীতে এ বাঁধ নির্মাণের নির্দেশ দিয়েছেন আফগানিস্তানের সর্বোচ্চ ধর্মীয় নেতা হিবাতুল্লাহ আখুন্দজাদা। শনিবার আফগানিস্তানের ভারপ্রাপ্ত পানিসম্পদমন্ত্রী মোল্লা আব্দুল লতিফ মানসুর বিষয়টি নিশ্চিত করেছেন। মানসুর বলেন, "আফগানদের নিজেদের পানি নিয়ন্ত্রণের পূর্ণ অধিকার রয়েছে।" তিনি জানান, সরকার ইতোমধ্যে বাঁধ নির্মাণের প্রস্তুতি শুরু করেছে। সাম্প্রতিক

৩-এর পৃষ্ঠা দেখুন



## সাঙ্গাকারাকে ছাড়িয়ে ওয়ানডেতে দ্বিতীয় স্থানে কোহলি

সূর্যোদয় প্রতিবেদন

অস্ট্রেলিয়া সফরের প্রথম দুই ম্যাচে শূন্য রানে আউট হওয়া বিরাট কোহলি তৃতীয় ওয়ানডেতে নিজের প্রতিভা আবারও প্রমাণ করেছেন। সিডনি ক্রিকেট গ্রাউন্ডে খেলায় ফিফটি হাঁকিয়ে দলের জয় নিশ্চিত করেছেন তিনি। ২৩৭ রান তাড়া করতে নেমে ওপেনিংয়ে রোহিত শর্মা

৩-এর পৃষ্ঠা দেখুন

## যুক্তরাষ্ট্রের চাপের কাছে নতি স্বীকার করবে না মস্কো: পুতিন

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়া কখনোই যুক্তরাষ্ট্রের চাপের কাছে নতি স্বীকার করবে না বলে দৃঢ় ঘোষণা দিয়েছেন প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। তবে তিনি স্বীকার করেছেন, যুক্তরাষ্ট্রের নতুন নিষেধাজ্ঞাগুলো রুশ অর্থনীতিতে "কিছুটা ক্ষতি" বয়ে আনতে পারে। গত বুধবার ওয়াশিংটন রাশিয়ার দুই বৃহত্তম তেল কোম্পানি রসনেফট ও লুকওইলসহ প্রায় তিন ডজন সহযোগী প্রতিষ্ঠানের ওপর নতুন নিষেধাজ্ঞা আরোপ করে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের দ্বিতীয় মেয়াদে এটি মস্কোর বিরুদ্ধে প্রথম বড় পদক্ষেপ বলে

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
100 ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## বৈজ্ঞানিক অগ্রগতি: সর্বজনীন কিডনি তৈরি

সূর্যোদয় প্রতিবেদন

কানাডা ও চীনের গবেষকরা যৌথভাবে এমন একটি কিডনি তৈরি করেছেন, যা যেকোনো রক্তের ধরনের রোগীর শরীরে প্রতিস্থাপনযোগ্য। অর্থাৎ রক্তের ধরন মিলানো আর বাধ্যতামূলক নয়। এটি চিকিৎসাবিজ্ঞানের একটি বড় অগ্রগতি। গবেষকরা 'এ' ধরনের কিডনিকে বিশেষ এনজাইমের মাধ্যমে রক্তের ধরন 'ও' তে রূপান্তরিত করেছেন। এই এনজাইম তৈরি করেছে ইউনিভার্সিটি অব ব্রিটিশ কলাম্বিয়া এবং অ্যাভিভো বায়োমেডিক্যাল ইনক। পরীক্ষামূলকভাবে কিডনিটি এক মস্তিষ্কমৃত ব্যক্তির শরীরে প্রতিস্থাপন করা হয় পরিবারের সম্মতিতে। কয়েক দিন সেটি ভালোভাবে কাজ করেছে এবং কোনো তীব্র প্রতিক্রিয়া দেখা যায়নি। গবেষকরা আশা করছেন, ভবিষ্যতে অঙ্গ প্রতিস্থাপনের অপেক্ষমাণ তালিকা অনেক কমে যাবে। ড. স্টিফেন উইদার্স বলেন,



৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা
কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)
সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল

এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি),এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, রোববার, ২৬ অক্টোবর ২০২৫ ইং

## মাঠ সংকটে তরুণ সমাজ

একসময় বিকেল নামলেই মেহেরপুরের শহর ও গ্রামের মাঠগুলো মুখর থাকত খেলাধুলার উচ্ছ্বাসে। ফুটবল, ক্রিকেট, ভলিবল সব ক্ষেত্রেই সক্রিয় ছিল তরুণরা। এখন সেই চিত্র উল্টো। মাঠ হারিয়ে খেলাধুলা প্রায় বন্ধ হয়ে গেছে। জায়গা দখল করে উঠছে দালান, দোকান বা সরকারি স্থাপনা।

মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয়ের মাঠ জেলার একমাত্র বড় মাঠ বছরের বেশিরভাগ সময় দখলে থাকে বিভিন্ন অনুষ্ঠান ও মেলায়। গাংনী ও মুজিবনগরেও একই অবস্থা। স্কুল-কলেজের মাঠ সাধারণ খেলোয়াড়দের জন্য উন্মুক্ত নয়। ফলে তরুণরা বাধ্য হয়ে রাস্তায় বা গলিতে খেলছে, যা ঝুঁকিপূর্ণ ও হতাশাজনক। খেলোয়াড় আছে, কিন্তু মাঠ নেই এটাই বাস্তবতা। একসময় বিভাগীয় পর্যায়ে সাফল্য পাওয়া মেহেরপুরের দলগুলো এখন নিষ্ক্রিয়। মাঠ ও অবকাঠামোর অভাবে নতুন প্রতিভা গড়ে উঠছে না। এতে জেলার ক্রীড়া ঐতিহ্য ধীরে ধীরে বিলীন হয়ে যাচ্ছে। খেলাধুলা কেবল শারীরিক চর্চা নয়, এটি মানসিক বিকাশ ও সামাজিক সংহতির অন্যতম মাধ্যম। কিন্তু মাঠ না থাকায় তরুণরা ঘরে বন্দি হয়ে পড়ছে। মোবাইল গেম, ইন্টারনেট ও নেশার প্রতি আসক্তি বাড়ছে, যা সমাজে নেতিবাচক প্রভাব ফেলছে। এখনই মাঠ সংরক্ষণে কার্যকর পদক্ষেপ নেওয়া প্রয়োজন। প্রতিটি এলাকায় অন্তত একটি খেলার মাঠ বাধ্যতামূলক করা এবং বিদ্যমান মাঠগুলো উন্মুক্ত রাখা জরুরি। স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি ও সমাজের সচেতন মহল একসঙ্গে এগিয়ে এলে পরিস্থিতির পরিবর্তন সম্ভব।মাঠ হারালে হারাবে প্রজন্মের উদ্যম, হারাবে সমাজের প্রাণশক্তি। তাই উন্নয়নের নামে মাঠ ধ্বংস নয় মাঠ বাঁচানোই আজ সময়ের দাবি।

## আমঝুপি নীলকুঠি ইতিহাসের সাক্ষী, আজ অবহেলার শিকার

লাবীবা আরজুমান্দ



বাংলার ইতিহাসে ব্রিটিশ শাসনের বহু স্মৃতি আজও বেঁচে আছে নানা নিদর্শনে। মেহেরপুরের নিস্তব্ধ প্রান্তে, কাজলা নদীর তীরে অবস্থিত আমঝুপি নীলকুঠি ইতিহাসের এমনই এক নীরব সাক্ষী। উনবিংশ শতাব্দীর মধ্যভাগে ব্রিটিশ শাসকরা যখন বাংলার শহর ও গ্রাম দখল করছিল, তখনই মেহেরপুরের আমঝুপি নীলকুঠি প্রতিষ্ঠিত হয়ড় তাদের ক্ষমতার প্রতীক হিসেবে। এর অন্তর্গত 'নায়েব বাড়ি' ছিল জমি ও রাজস্ব আদায়ের প্রধান কার্যালয়। জোরপূর্বক নীলচাষ, কর আদায়, আর অবিরাম শোষণের ফলে মেহেরপুরের উর্বর জমি পরিণত হয়েছিল কষ্ট ও বিদ্রোহের প্রতীকে।

কেননা এটি শুধু একটি কারখানা ছিল না, ছিল এক নির্মম শাসনের প্রতীক এবং সেইসাথে এক অনমনীয় জাতিসত্তারও প্রতিরূপ।

এখান থেকেই ধীরে ধীরে ছড়িয়ে পড়ে বাংলার বিখ্যাত নীলবিদ্রোহ, যা পরবর্তীতে কৃষকের আত্মমর্যাদা ও স্বাধীনতার সংগ্রামে নতুন গতি আনে। ১৯৭৮ সালের ১৩ মে আমঝুপি নীলকুঠিকে পর্যটন কেন্দ্র হিসেবে ঘোষণা করা হয়। বর্তমানে প্রত্নতত্ত্ব অধিদপ্তর ভবনটির রক্ষণাবেক্ষণের দায়িত্বে রয়েছে।

২০১৫ সালে পর্যটন মন্ত্রণালয়ও এটি সংরক্ষণের উদ্যোগ নেয়। প্রতি বছর নীলকুঠির মূল ভবনের পাশে প্রতীকীভাবে একটি নীলগাছের চারা রোপণ করা হয়, অতীতের স্মৃতিকে জীবিত রাখার প্রতীক হিসেবে। তবে এই ঐতিহাসিক স্থাপনাটি এখন অবহেলা ও অরক্ষিত অবস্থায় টিকে আছে। ভবনের চারপাশে সীমানা প্রাচীর না থাকায়, পর্যটকরা প্রায়ই অস্বাস্থ্যকর পরিবেশ ও পশু মলমূত্রের সমস্যায় ভোগেন।

অনেকেই বলেন, নীলকুঠি এখন হারাতে বসেছে তার ঐতিহাসিক মর্যাদা ও সৌন্দর্য। মেহেরপুরের অন্যান্য নীলকুঠিগুলোর অবস্থাও এর চেয়ে ভালো নয়। গাংনী উপজেলার ভাটপাড়া নীলকুঠি, যা ১৮৫৯ সালে ২৭ একর জায়গার উপর নির্মিত হয়েছিল, আজ প্রায় ধ্বংসের মুখে।

দরজা-জানালা চুরি হয়ে গেছে, ইট খুলে নেওয়া হচ্ছে। তেতুলবাড়িয়া, ভবানীপুর, বামুন্দি, রতনপুর ও অন্যান্য গ্রামের নীলকুঠিগুলোরও একই পরিণতি হয়েছে ইতিহাস হারিয়ে যাচ্ছে সময়ের সাথে সাথে। ইতিহাসের এই উত্তরাধিকার যেন শুধু পাঠ্যবইয়ের পাতায় সীমাবদ্ধ না থাকে বরং নতুন প্রজন্ম যেন তা দেখতে, বুঝতে ও অনুভব করতে পারে, তার জন্য প্রয়োজন যথাযথ প্রশাসনিক তদারকি এবং স্থানীয় জনগণের সচেতনতা ও অংশগ্রহণ।

নীলচাষের দিন ফুরিয়েছে, কিন্তু আমঝুপির বাতাসে আজও ভেসে বেড়ায় সেই নীলের গন্ধড়শোষণের, প্রতিরোধের, এবং আত্মমর্যাদার গন্ধ। এই নীলকুঠিকে রক্ষা করা মানে বাংলার আত্মপরিচয় রক্ষা করাড়যেখানে প্রতিটি ইটের মাঝে গেঁথে আছে এক জাতির মুক্তির গল্প। ( বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), ঢাকা)

## ফজরের নামাজ মসজিদে আদায়ের ফজিলত

ওমর ফারুক

দিনের সূচনা হয় ফজরের নামাজ দিয়ে। অথচ দুঃখজনক ভাবে আজ অনেকেই এই বরকতময় সময়টি ঘুমে কাটান। কিন্তু ফজরের নামাজ এমন এক ইবাদত, যা আল্লাহ তাআলার কাছে অত্যন্ত প্রিয় ও মহাবারকতময়। কোরআন ও হাদিসে বারবার এসেছে ফজরের নামাজের ফজিলত ও গুরুত্বের বর্ণনা বিশেষ করে মসজিদে জামাতে আদায় করা নামাজের মর্যাদা অপরিসীম। আল্লাহ তাআলা বলেন, "নিশ্চয়ই নির্ধারিত সময়ে নামাজ পড়া মুমিনদের অপরিহার্য দায়িত্ব।" রাসুলুল্লাহ (সা.) বলেছেন, "যে ব্যক্তি দুটি শীতল নামাজ আদায় করবে, সে জান্নাতে প্রবেশ করবে। 'দুটি শীতল নামাজ' বলতে ফজর ও আসরকে বোঝানো হয়েছে। ফজর ও আসরের নামাজ আদায়কারীর জন্য জাহান্নাম হারাম হয়ে যায়। রাসুল (সা.) বলেছেন, "ফেরেশতারা দিনে ও রাতে পালাক্রমে আসে। তারা আসর ও ফজরের সময় একত্র হয়। আল্লাহ জিজ্ঞাসা করেন, 'তোমরা আমার বান্দাদের কেমন অবস্থায় রেখে এলে?' তারা বলে, 'হে আমাদের রব! আমরা তাদের রেখে এসেছি নামাজ পড়তে, এবং তাদের কাছে গিয়েছিলাম নামাজ পড়তে।'" নবী করিম (সা.) বলেন, "আমাদের রব বিস্মিত হন সেই ব্যক্তির প্রতি, যে আরামদায়ক বিছানা ও পরিবার ত্যাগ করে নামাজের জন্য উঠে দাঁড়ায়। আল্লাহ ফেরেশতাদের বলেন, 'দেখো, আমার এই বান্দা শুধু আমার সন্তুষ্টির আশায় ঘুম ত্যাগ করেছে। আবু হুরায়রা (রা.) বলেন, "রাতের ও দিনের ফেরেশতারা ফজরের নামাজে একত্র হয়।" এরপর তিনি বলেন, "নিশ্চয়ই ফজরের কোরআন তিলাওয়াত সর্বদা সাক্ষী থাকে।" রাসুল (সা.) বলেছেন, "যে ব্যক্তি ফজরের নামাজ আদায় করে, সে আল্লাহর সুরক্ষায় থাকে।" "যারা অন্ধকারে (ফজর ও এশার) নামাজের জন্য মসজিদে আসে, তাদের জন্য কিয়ামতের দিন পূর্ণ নূরের সুসংবাদ দাও।" "যে ব্যক্তি জামাতে ফজরের নামাজ আদায় করে, সে যেন পুরো রাত নামাজ আদায় করেছে।" ফজরের নামাজ জামাতে আদায় করা শুধু ফরজ ইবাদত নয়, বরং আল্লাহর সন্তুষ্টি ও জান্নাতের আশার অন্যতম পথ। তাই একজন মুমিনের প্রতিদিনের সূচনা হওয়া উচিত এই বরকতময় নামাজের মাধ্যমে যাতে সারাদিনজুড়ে আল্লাহর রহমত, বরকত ও প্রশান্তি লাভ করা যায়।

## মেহেরপুর ও চুয়াডাঙ্গা সীমান্তে ১২০

(প্রথম পৃষ্ঠার পর)

বাংলাদেশিকে বিজিবির কাছে হস্তান্তর করা হয়। কাথুলি কোম্পানি কমান্ডার সুবেদার মিজানুর রহমান হস্তান্তর কার্যক্রমে নেতৃত্ব দেন। পরে সন্ধ্যায় মুজিবনগর স্বাধীনতা সড়কের সীমান্ত এলাকা দিয়ে আরও ২৯ জন বাংলাদেশিকে বিজিবির কাছে হস্তান্তর করে বিএসএফ। বিজিবি সূত্রে জানা গেছে, হস্তান্তরকৃতরা দেশের বিভিন্ন জেলার বাসিন্দা। তারা দালালের মাধ্যমে সীমান্ত অতিক্রম করে অবৈধভাবে ভারতে প্রবেশ করেছিল এবং মুম্বাই, দিল্লি ও আসাম রাজ্যে শ্রমিক হিসেবে কাজ করছিল। পরবর্তীতে ভারতীয় পুলিশ তাদের আটক করে বিএসএফের তেইমপুর ক্যাম্পে পাঠায়। পতাকা বৈঠকের মাধ্যমে তাদের বিজিবির কাছে ফিরিয়ে দেওয়া হয়। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বাণী ইসরাইল জানান, বিএসএফের হস্তান্তরকৃতদের মধ্যে ১৪ জনকে ইতোমধ্যে থানায় নেওয়া হয়েছে। তাদের পরিবারের সঙ্গে যোগাযোগ করা হচ্ছে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা নেওয়া হচ্ছে। অন্যদিকে চুয়াডাঙ্গা সীমান্তেও শনিবার দুপুরে দর্শনা আন্তর্জাতিক চেকপোস্ট (আইসিপি) দিয়ে আরও ৩১ জন বাংলাদেশিকে বিজিবির কাছে হস্তান্তর করেছে বিএসএফ। বিজিবি ও বিএসএফের মধ্যে ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ের পতাকা বৈঠকের মাধ্যমে এই হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন হয়। চুয়াডাঙ্গা-৬ বিজিবির অধিনায়ক নাজমুল হাসান জানান, ফেরত আসা দলটির মধ্যে পুরুষ ১৩ জন, নারী ১৫ জন এবং শিশু ৩ জন রয়েছে। তারা ভারতে বিভিন্ন সময় কারাবন্দী ছিলেন। প্রাথমিক যাচাই-বাছাই শেষে তাদের দর্শনা থানার পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

## দিশাহারা মেহেরপুরের অর্থনীতি

(প্রথম পৃষ্টার পর)

চালিকাশক্তি ছিল তামাক ও পাট। তামাক কোম্পানির ব্যাপক কার্যক্রমে কৃষকের হাতে কিছুটা নগদ প্রবাহ থাকলেও পরিবেশ ও ফসলের বৈচিত্র্য নষ্ট হয়েছে। অন্যদিকে পাটচাষে আগ্রহ কমে যাওয়ায় কৃষি আয়ের অন্যতম উৎসও হারিয়েছে মেহেরপুর।" স্থানীয় অর্থনীতিবিদ মো. আনোয়ার হোসেন বলেন, "মেহেরপুরের অর্থনীতি এখন দিকনির্দেশনাহীন অবস্থায়। এখানে প্রয়োজন সমন্বিত পরিকল্পনা যেখানে কৃষি, শিল্প ও বাণিজ্য একসাথে অগ্রসর হবে।" অর্থনীতির এই লক্ষ্যহীন পথ থেকে উত্তরণের জন্য দরকার সুসংগত পরিকল্পনা। সরকারি উদ্যোগের পাশাপাশি স্থানীয় ব্যবসায়িক উদ্যোগকে উৎসাহিত করতে হবে। আধুনিক কৃষি প্রযুক্তি, ক্ষুদ্র ও কুটির শিল্প সম্প্রসারণ এবং সীমান্ত বাণিজ্যের সুযোগকে কাজে লাগালে মেহেরপুর অর্থনীতির ধীর গতির উন্নতি সম্ভব।

## তারেক রহমানের

(প্রথম পৃষ্টার পর)

থেকে অন্তর্বর্তী সরকারের সঙ্গে এ বিষয়ে যোগাযোগ চলছে।

সালাহউদ্দিন আহমেদ জানান, দেশে ফেরার আগে দলীয় একক প্রার্থী ও মিত্র রাজনৈতিক দলের সঙ্গে আসন সমঝোতা সম্পন্ন করে মোট ৩শ আসনে একক প্রার্থী চূড়ান্ত করা হবে। চলতি মাসেই প্রায় ২শ আসনে প্রার্থীর নাম ঘোষণা করা হবে, যাদের অনেককেই ইতিমধ্যে সবুজ সংকেত দেওয়া হয়েছে। তারেক রহমানের নির্দেশনা অনুযায়ী, দলীয় প্রার্থীরা নিজ নির্বাচনী এলাকায় 'ধানের শীষ' প্রতীকের পক্ষে ঐক্যবদ্ধভাবে মাঠে থাকবেন। এছাড়া বিএনপি, মিত্র দল এবং জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-র সঙ্গে আলোচনাও চলছে। দলের ঘনিষ্ঠ সূত্র জানিয়েছে, তারেক রহমানের দেশে ফেরার আগে নিরাপত্তা ব্যবস্থা চূড়ান্ত করা হচ্ছে। বুলেটপ্রুফ এসইউভি কেনার প্রক্রিয়া চলছে এবং ইতিমধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয় অনুমোদন দিয়েছে দুটি গাড়ির। দেশে ফেরার পর তিনি ফিরোজা ও ১৯৬ নম্বর বাসা মিলিয়ে থাকবেন। ১৯৬ নম্বর বাড়িটি সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নামে বরাদ্দ করা হয়েছে এবং বর্তমানে সংস্কারকাজ চলছে। বর্তমানে তারেক রহমান যুক্তরাজ্যে আইএলআর স্ট্যাটাসে বসবাস করছেন। এই স্ট্যাটাসে স্থায়ীভাবে বসবাস, কাজ ও পড়াশোনা সম্ভব; এছাড়া ব্রিটিশ নাগরিকত্বের জন্যও আবেদন করা যায়। বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেন, "বাংলাদেশি জাতীয়তাবাদের শক্তির প্রতীক তারেক রহমানকে শেষ করার চেষ্টা করা হয়েছে, তার বিরুদ্ধে নানা অপবাদ দেওয়া হয়েছে। সেই তিনি দেশে ফিরছেন এবং দেশের মানুষ তার ফেরার অপেক্ষায়।" প্রশ্ন করা হলে, তারেক রহমান কোন আসন থেকে নির্বাচনে অংশ নেবেন, সালাহউদ্দিন আহমেদ বলেন, "দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নির্বাচনে অংশগ্রহণ করবেন। কোন আসন থেকে অংশ নেবেন তা পরে নির্ধারিত হবে। বাংলাদেশের যেকোনো আসন থেকে তিনি নির্বাচিত হতে পারেন।"

## পুলিশের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ

(প্রথম পৃষ্টার পর)

মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী। প্রশিক্ষণে জেলার বিভিন্ন ইউনিট থেকে কনস্টেবল হতে পুলিশ পরিদর্শক পদমর্যাদার মোট ৫০ জন পুলিশ সদস্য অংশগ্রহণ করেছেন। উদ্বোধনী অনুষ্ঠানে অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ), অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্), অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল)সহ প্রশিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। কর্মশালায় বক্তারা নির্বাচনি দায়িত্ব পালনে পেশাদারিত্ব, সততা ও দক্ষতার ওপর বিশেষ গুরুত্বারোপ করেন।

## ফ্রি ব্লাড গ্রুপিং কর্মসূচি

(প্রথম পৃষ্টার পর)

স্বেচ্ছাসেবীরা স্বেচ্ছায় রক্তের গ্রুপ নির্ণয়ে অংশ নেন। আয়োজকরা জানান, কর্মসূচির মাধ্যমে স্থানীয় তরুণদের রক্তদানে উৎসাহিত করা ও মানবিক সহযোগিতার মনোভাব গড়ে তোলাই ছিল এ উদ্যোগের মূল লক্ষ্য।

## ইটভাটা মালিক সমিতির অভিষেক ও

(প্রথম পৃষ্টার পর)

সমিতির সভাপতি নাজির আহমেদ মুন্নু। মেহেরপুর জেলা ইটভাটা মালিক সমিতির সভাপতি মশিউর রহমানের সভাপতিত্বে সভায় স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন। সভা সঞ্চালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক মিলন। ন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন যশোর জেলা সম্পাদক সেলিম রেজা বাবলু, ঝিনাইদহ জেলা সম্পাদক রুহুল আমিন, নড়াইল জেলা সম্পাদক কুশল, চুয়াডাঙ্গা জেলা সভাপতি খাজা নাজিম উদ্দিন এবং সাধারণ সম্পাদক মোতালেব হোসেন। এর আগে অতিথিরা সভাস্থলে পৌঁছালে মেহেরপুর জেলা ইটভাটা মালিক সমিতির পক্ষ থেকে ফুল দিয়ে তাদের শুভেচ্ছা জানানো হয়।

## সার ও বীজ মনিটরিং কমিটির সভা

(প্রথম পৃষ্টার পর)

অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি আনোয়ার হোসেন। সভায় বক্তব্য রাখেন মেহেরপুর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাজেদুল হক মানিকসহ বিএডিসি ও বিসিআইসির ডিলাররা। ডিলাররা সার সংকটের বিষয়টি তুলে ধরে বরাদ্দ বাড়ানোর দাবি জানান।

## শ্রীলংকায় লিডারশিপ কর্মশালায়

(প্রথম পৃষ্টার পর)

কর্মশালায় বাংলাদেশের প্রতিনিধি হিসেবে অংশ নিচ্ছেন মানব উন্নয়ন কেন্দ্র মউক-এর নির্বাহী প্রধান ও মানবাধিকার কর্মী আসাদুজ্জামান সেলিম। মানব উন্নয়ন কেন্দ্র মউক স্থানীয় মানবাধিকার সংগঠন হিসেবে মেহেরপুর জেলায় তিন দশক ধরে শিক্ষা, স্বাস্থ্য ও তৃণমূল মানুষের মৌলিক অধিকার ও মানবাধিকার নিশ্চিত করতে কাজ করছে। ২৫ অক্টোবর ২০২৫ ভোরে আসাদুজ্জামান সেলিমের নেতৃত্বে পাঁচ সদস্যের একটি প্রতিনিধি দল কলম্বো পৌঁছায়। সাত দিনের কর্মশালায় তারা মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করবেন। সফল কর্মশালার পর তারা দেশে ফিরে আসবেন।

## জামায়াতে ইসলামীর গণসংযোগ

(প্রথম পৃষ্টার পর)

উপজেলা সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাষ্টার, আমদহ ইউনিয়ন আমির বজলুর রশিদ, সেক্রেটারি রিপন এবং টেংরামারী সভাপতি আলামিনসহ অন্যান্য ইউনিয়ন নেতৃবৃন্দ।

## তারুণ্যের উৎসবের আন্তঃওয়ার্ড

(প্রথম পৃষ্টার পর)

রমে অব দ্য ম্যাচ এবং রকি সেরা খেলোয়াড় নির্বাচিত হন। খেলা শেষে পুরস্কার বিতরণ করা হয়।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। বুড়িপোতা ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইসমাইল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন পাবলিক প্রসিডেন্ট এস এম সাইদুর রাজ্জাক টোটন, গোভীর মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি খালিদ সাইফুল ইসলাম এবং বুড়িপোতা ইউনিয়ন বিএনপি'র সভাপতি নাসির উদ্দিন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন আমদহ ইউনিয়নের চেয়ারম্যান রওশন আলী টোকন, প্রধান শিক্ষক সাহারুল ইসলাম, ইদ্রিস আলী, আকছেদ আলী, ইউপি সচিব সানোয়ার হোসেন সানু, ইউপি সদস্য সার্থক আলি, আলমগীর হোসেন লালটু, শাহাদাত হোসেন, আমপারা খাতুন প্রমুখ।

## নিয়োগ পরীক্ষায় অনিয়মের

(প্রথম পৃষ্টার পর)

করা হবে না, তালা থাকবে। সিভিল সার্জন অভিযোগ অস্বীকার করেছেন। সূত্রে জানা গেছে, ২০১৮ সালে তৃতীয় ও চতুর্থ শ্রেণির ১১৫টি পদে জনবল নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হলেও প্রক্রিয়া শেষ হয়নি। চলতি বছরের ফেব্রুয়ারি মাসে পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এতে স্বাস্থ্য সহকারী (৯৭), পরিসংখ্যানবিদ (৩), কোল্ড চেইন টেকনিশিয়ান (১), স্টোরকিপার (৪), সাঁটমুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর (৬) ও চালক (৪) পদে মোট ১৬ হাজার ৭৮৯ জন আবেদন করেন। শুক্রবার সকাল ১০টায় পরীক্ষা অনুষ্ঠিত হয়, এতে অন্তত ৮ হাজারের বেশি প্রার্থী অংশ নেন। অভিযোগ উঠেছে, কিছু প্রার্থী পরীক্ষার আগের রাতে আরএমও হোসেন ইমামের বাড়ি ও ক্লিনিকে উপস্থিত ছিলেন এবং প্রশ্নপত্র ফাঁসের মাধ্যমে পরীক্ষা দেওয়া হয়েছে। এই ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ায় তোলপাড় সৃষ্টি হয়। বিক্ষোভকারীদের মধ্যে ছিলেন স্বাস্থ্য সহকারী পদপ্রার্থী রাসেল রানা, শিক্ষক ও অভিভাবকরা। তারা বলেছেন, 'পরীক্ষায় দুর্নীতি হয়েছে। টাকা দিয়ে নিয়োগ দেওয়া হচ্ছে। তাই পরীক্ষা বাতিল করা হোক।' সিভিল সার্জন কার্যালয় সূত্রে জানা গেছে, পরীক্ষা সংক্রান্ত কাজ পাঁচ সদস্যের কমিটি পর্যবেক্ষণ করে। সিভিল সার্জন নিজে সদস্যসচিব হিসেবে প্রশ্নপত্র তৈরি ও পাঠানোর দায়িত্বে ছিলেন। আরএমও নিয়োগ প্রক্রিয়ায় জড়িত নন। নিয়োগ প্রক্রিয়ার সব কার্যক্রম বর্তমানে বন্ধ রয়েছে। কমিটির অন্য চার সদস্য কুষ্টিয়াতে অবস্থান করছেন এবং স্বাস্থ্য মন্ত্রণালয়ে বিস্তারিত চিঠি দেওয়া হয়েছে। তদন্ত শেষে অনিয়মের প্রমাণ না পাওয়া গেলে খাতা দেখা ও ফলাফল ঘোষণা করা হবে।

## চুয়াডাঙ্গায় বাবুর্চির মরদেহ উদ্ধার

(প্রথম পৃষ্টার পর)

রেস্টুরেন্টে বাবুর্চি হিসেবে কাজ করতেন এবং রেস্টুরেন্টের ভেতরেই থাকতেন। পুলিশ জানায়, আশীক প্রায় তিন-চার বছর আগে হিন্দু ধর্ম ত্যাগ করে ইসলাম ধর্ম গ্রহণ করেন। পরে এক মুসলিম তরুণীকে বিয়ে করেন। তার পরিবার বর্তমানে গোপালগঞ্জ জেলায় বসবাস করছে। উদ্ধারকারী সহকর্মী মামুন হোসেন বলেন, "শেষবার বেলা সাড়ে ১২টার সময় আশীকের সঙ্গে কথা হয়। এরপর ফোন দিলে সে আর ধরেনি। পরে রেস্টুরেন্টে এসে জানালা দিয়ে দেখি সে মেঝেতে পড়ে আছে। দরজা ভেঙে ভেতরে ঢুকে অচেতন অবস্থায় পেয়ে দ্রুত সদর হাসপাতালে নিয়ে যাই।" চুয়াডাঙ্গা সদর হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ডা. ওয়াহিদ মাহমুদ রবিন বলেন, "দুপুর ২টার দিকে আশীককে হাসপাতালে আনা হয়। পরীক্ষানিরীক্ষা করে দেখা যায়, তিনি আগেই মারা গেছেন। মৃত্যুটি স্বাভাবিক মনে হয়নি। বিষয়টি সদর থানা পুলিশকে জানানো হয়েছে।" চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের পরিদর্শক (ওসি) খালেদুর রহমান বলেন, প্রাথমিকভাবে মৃত্যুর সুনির্দিষ্ট কারণ বলা যাচ্ছে না। আশীকের হাতে ব্লেডের মতো ধারালো অস্ত্রের একাধিক কাটার চিহ্ন পাওয়া গেছে। ময়না তদন্তের প্রতিবেদন পাওয়ার পর বলা সম্ভব হবে এটি আত্মহত্যা কিনা। তার পরিবারকে খবর দেওয়া হয়েছে।

## ভারতে অস্ট্রেলিয়ান দুই নারী

(শেষ পৃষ্টার পর)

স্থানীয় নিরাপত্তা টিমের সঙ্গে যোগাযোগ করে পুলিশের সহায়তা চান। খবর পেয়ে সহকারী পুলিশ কমিশনার হিমানি মিশ্রা ঘটনাস্থলে গিয়ে দুই খেলোয়াড়ের জবানবন্দি নেন। পরে ভারতীয় দণ্ডবিধির ৭৪ ধারা (নারীর মর্যাদা ক্ষুণ্ণ করতে বলপ্রয়োগ) এবং ৭৮ ধারা (পিছু নেওয়া বা স্টকিং)-এর অধীনে মামলা দায়ের করা হয়। উপপরিদর্শক নিধি রঘুবংশী জানান, এক প্রত্যক্ষদর্শী অভিযুক্তের মোটরসাইকেলের নম্বর লিখে রাখেন। সেই সূত্র ধরে পুলিশ আকিল খান নামে এক ব্যক্তিকে গ্রেফতার করে। তিনি আরও বলেন, "আকিল খানের বিরুদ্ধে আগেও একাধিক অপরাধের মামলা রয়েছে। বিষয়টি নিয়ে তদন্ত চলছে।"

ঘটনাটি এমন সময়ে ঘটেছে, যখন অস্ট্রেলিয়ান নারী দল ইন্দোরে আইসিসি উইমেনস ওয়ার্ল্ড কাপ খেলতে এসেছে। এ ঘটনার পর স্থানীয় প্রশাসন হোটেল ও মাঠের আশপাশে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে। ইন্দোর পুলিশের এক মুখপাত্র জানিয়েছেন, "অস্ট্রেলিয়ান দলকে সর্বোচ্চ নিরাপত্তা দেওয়া হবে। অভিযুক্তের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।"

## আখতার হোসেন

(শেষ পৃষ্টার পর)

স্বাক্ষরের আনুষ্ঠানিকতায় জুলাই সনদ বাস্তবায়ন সম্ভব নয়। বাস্তবায়নের নিশ্চয়তা পেলে তবেই এনসিপি স্বাক্ষরে আগ্রহী হবে। কমিশন জানিয়েছে, সাংবিধানিক আদেশের খসড়া প্রস্তুত হচ্ছেড়এটিকে আমরা অগ্রগতি হিসেবে দেখি। তবে আদেশের বিষয়বস্তু জানাতে না পারায় আমাদের আশাবাদ কিছুটা কমেছে।" সদ্য অনুমোদিত গণপ্রতিনিধিত্ব আদেশের (আরপিও) সংশোধন নিয়েও মত দেন এনসিপির সদস্যসচিব। নতুন সংশোধনী অনুযায়ী, পলাতক আসামিরা নির্বাচনে অংশ নিতে পারবে না এবং জোটের প্রার্থীদেরও দলের নিজস্ব প্রতীকে নির্বাচন করতে হবে। বিএনপি ও তাদের মিত্ররা এই নিয়মের বিরোধিতা করলেও এনসিপি বরং সংশোধনীকে "ইতিবাচক পদক্ষেপ" হিসেবে দেখছে। আখতার হোসেন বলেন, "বিএনপি সংশোধনী বাতিলে আইন মন্ত্রণালয়ে আবেদন করার কথা বলছে। কিন্তু আইন উপদেষ্টা এই প্রক্রিয়ার অংশ নন। কোনো দলের কারণে সরকার যদি এই সংশোধনী থেকে সরে আসে, তাহলে সেটি লন্ডনের বৈঠকের ধারাবাহিকতায় ক্ষমতা হস্তান্তর প্রক্রিয়ার দিকেই ইঙ্গিত করবে।"এনসিপির এই নেতা সতর্ক করে বলেন, "জুলাই ঘোষণাপত্রের মতো করে কোনো দলের চাপে পড়ে যাতে জুলাই সনদ কাগুজে দলিলে পরিণত না হয়, সে বিষয়ে কমিশনকে সতর্ক থাকতে হবে।"

তিনি আরও জানান, সংস্কারের আলোচনার সমাপ্তি ঘটিয়ে বিচারের রোডম্যাপ প্রকাশের পর সরকার নির্বাচনের দিকে এগোবে। সরকার চাইলে নির্ধারিত সময়ের মধ্যেই গণভোটের প্রস্তুতি সম্পন্ন করতে পারবে বলেও মন্তব্য করেন তিনি। জুলাই সনদ বাস্তবায়নে সাংবিধানিক আদেশ জারির বিরোধিতা করেছে এনসিপি। দলটির মতে, সংস্কারের জন্য প্রজ্ঞাপনের মাধ্যমে গণভোটই যথেষ্ট। তবে আখতার হোসেন বলেন, "সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলোড়যে আদেশ জারি করা হবে, তাতে কী আছে, তা স্পষ্ট করতে হবে। শুধু গণভোট করলেই সংস্কার বাস্তবায়নের সুরক্ষা নিশ্চিত হবে না।" বৈঠকে জাতীয় ঐকমত্য কমিশনের পক্ষে উপস্থিত ছিলেন সহসভাপতি ড. আলী রীয়াজ, সদস্য ড. বদিউল আলম মজুমদার, বিচারপতি এমদাদুল হক, ড. ইফতেখারুজ্জামান, আইয়ুব মিয়া এবং প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার। এনসিপির পক্ষ থেকে অংশ নেন যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষার, জাবেদ রাসিন, খালেদ সাইফুল্লাহ এবং যুগ্ম সদস্যসচিব জহিরুল ইসলাম মুসা।

## মাসুদ কামাল

(শেষ পৃষ্টার পর)

কিন্তু বর্তমান সরকার আইসিটি আইনে নতুন বিধান যুক্ত করেছে, যার মাধ্যমে এখন রাজনৈতিক দলেরও বিচার করা সম্ভব।"তিনি আরও বলেন, "আমি মনে করি, এখানে জামায়াতের বিরুদ্ধে মামলা হওয়া উচিত। যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন বা নিহত হয়েছেন, তাদের কেউ বাদী হয়ে মামলা করতে পারেন। যদি তারা না করেন, সরকারেরই উচিত রাষ্ট্রের পক্ষ থেকে সেই বিচার প্রক্রিয়া শুরু করা।" মাসুদ কামাল বলেন, "আপনি যদি ২০২৪ সালের ঘটনাগুলোর জন্য আওয়ামী লীগের বিচার করতে পারেন, তাহলে '৭১ সালের গণহত্যার জন্য জামায়াতের বিচার করতে পারবেন না কেন? বিচার হোক। যদি প্রমাণিত হয় জামায়াত নির্দোষ ছিলড়তারা বেঁচে গেল। বিচার মানেই যে কেউ অপরাধী, তা নয়।" সম্প্রতি যুক্তরাষ্ট্র সফরকালে জামায়াতে ইসলামী আমির শফিকুর রহমান জাতির কাছে ক্ষমা চাওয়ার প্রসঙ্গে মাসুদ কামাল বলেন, "এটা শুধু ব্যক্তিগত নয়, আপনার দলের বিষয়। মুক্তিযুদ্ধের সময় জামায়াতের ভূমিকা কী ছিল, সেটা নিয়ে প্রশ্ন আছে। আপনার দলের নেতাদের বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের অভিযোগ ছিল, অনেকের বিচারও হয়েছে।" তিনি বলেন, "অনেক বিচার আন্তর্জাতিক মানসম্পন্ন হয়নি, কারো কারো ক্ষেত্রে অবিচারও হতে পাওে তবু বাস্তবতা হলো, জামায়াত মুক্তিযুদ্ধের বিরোধিতা করেছিল, পাকিস্তানি বাহিনীকে সহায়তা করেছিল। সেই ভূমিকার সমালোচনা করা হয়েছে এবং সেটির দায় রাজনৈতিক দল হিসেবে অস্বীকার করা যায় না।" মাসুদ কামাল বলেন "পাকিস্তানি বাহিনী এই দেশে গণহত্যা চালিয়েছে, মা-বোনদের ওপর নির্যাতন করেছে। সেই কাজে জামায়াতের সহযোগিতার মানসিকতা ছিল। তাই এখন সময় এসেছে, জামায়াত তাদের ভূমিকার দায় স্বীকার করে জাতির কাছে ব্যাখ্যা দিক।"

## তথ্য উপদেষ্টা মাহফুজ আলম

(শেষ পৃষ্টার পর)

অনেকেই রাষ্ট্র ক্ষমতায় ইসলামকে নিয়ে আসতে চেয়েছেন, কিন্তু এ অঞ্চলের ইসলামের ইতিহাস পড়েননি।" তিনি বলেন, "নিজেকে রক্ষা করার জন্যই সুফিবাদের সঙ্গে আওয়ামী লীগের সংযোগ ছিল। এখানেই ধর্মীয় রাজনীতি আটকে গেছে। কওমি রাজনীতিতেও একই পরিস্থিতি ঘটেছে।" মাজারে সংঘাত ও পরবর্তী পদক্ষেপ বিষয়ে মাহফুজ আলম জানান, মাজারে আক্রমণের পর অনেককে গ্রেফতার করা হয়েছে এবং ক্ষতিগ্রস্ত ধর্মীয় স্থাপনার সংস্কারের নির্দেশ দেওয়া হয়েছে।

## যুক্তরাষ্ট্রের চাপের কাছে নতি স্বীকার করবে না মস্কো: পুতিন

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়া কখনোই যুক্তরাষ্ট্রের চাপের কাছে নতি স্বীকার করবে না বলে দৃঢ় ঘোষণা দিয়েছেন প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। তবে তিনি স্বীকার করেছেন, যুক্তরাষ্ট্রের নতুন নিষেধাজ্ঞাগুলো রুশ অর্থনীতিতে "কিছুটা ক্ষতি" বয়ে আনতে পারে। গত বুধবার ওয়াশিংটন রাশিয়ার দুই বৃহত্তম তেল কোম্পানি রসনেফট ও লুকওইলসহ প্রায় তিন ডজন সহযোগী প্রতিষ্ঠানের ওপর নতুন নিষেধাজ্ঞা আরোপ করে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের দ্বিতীয় মেয়াদে এটি মস্কোর বিরুদ্ধে প্রথম বড় পদক্ষেপ বলে বিবেচিত হচ্ছে। যুক্তরাষ্ট্র জানিয়েছে, নতুন নিষেধাজ্ঞার মূল উদ্দেশ্য রাশিয়ার যুদ্ধ অর্থনীতিকে দুর্বল করা এবং ইউক্রেন যুদ্ধে মস্কোকে আলোচনার টেবিলে ফেরানো। এই পদক্ষেপটি যুক্তরাজ্য ও ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) সঙ্গে সমন্বিতভাবে নেওয়া হয়েছে। নিষেধাজ্ঞা ঘোষণার পর বৈশ্বিক বাজারে তেলের দাম প্রায় ৫ শতাংশ বেড়ে যায়। পাশাপাশি ইইউ ঘোষণা দিয়েছে, তারা ধীরে ধীরে রুশ তরল প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানি বন্ধ করবে। একই সঙ্গে চীনের দুটি বৃহৎ পরিশোধনাগারকেও কালো তালিকাভুক্ত করেছে জোটটি। নিষেধাজ্ঞার প্রভাবে রাশিয়ার প্রধান দুই ক্রেতাড়চীন ও ভারতড়রুশ তেল আমদানি সীমিত করতে শুরু করেছে। ভারতের রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ জানিয়েছে, তারা আমদানিতে "পুনঃসমন্বয়" করছে। অন্যদিকে চীনের রাষ্ট্রায়ত্ত কয়েকটি তেল কোম্পানি নতুন মার্কিন নিষেধাজ্ঞার ঝুঁকি এড়াতে অস্থায়ীভাবে রুশ তেল কেনা বন্ধ রেখেছে। নিষেধাজ্ঞার ঘোষণার মধ্যেই ইউক্রেন যুদ্ধক্ষেত্রে উত্তেজনা আরও বেড়েছে। শুক্রবার ভোরে ইউক্রেনের একটি ড্রোন মস্কোর উপকণ্ঠ ক্রাসনোগর্স্কে একটি আবাসিক ভবনে আঘাত হানে, এতে এক শিশুসহ অন্তত পাঁচজন আহত হন। রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয় দাবি করেছে, বৃহস্পতিবার রাতে তারা ১১১টি ইউক্রেনীয় ড্রোন ভূপাতিত করেছে। অন্যদিকে, রুশ গোলাবর্ষণে ইউক্রেনের খেরসন শহরে দুজন নিহত ও অন্তত ১৭ জন আহত হয়েছেন। এদিকে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি শুক্রবার লন্ডনে ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমারের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে উভয় নেতা ইউরোপীয় 'কোয়ালিশন অব দ্য উইলিং'এর সঙ্গে সমন্বয়ে ইউক্রেনের প্রতিরক্ষা শক্তি আরও জোরদারের আহ্বান জানান।

## পশ্চিমবঙ্গে বাংলাদেশি সন্দেহে পাঁচজন আটক

সূর্যোদয় প্রতিবেদন

অবৈধভাবে সীমান্ত পেরিয়ে ভারতে প্রবেশের অভিযোগে পশ্চিমবঙ্গের কোচবিহার জেলার মেখলিগঞ্জ থানার পুলিশ পাঁচ বাংলাদেশি নাগরিককে আটক করেছে। এ ঘটনায় তাদের আশ্রয় দেওয়ার অভিযোগে এক ভারতীয় নারীকেও গ্রেফতার করা হয়েছে। পুলিশ জানায়, অভিযুক্তদের আটক করা হয় পশ্চিমবঙ্গের চ্যাংড়াবান্ধা গ্রাম পঞ্চায়েতের সীমান্তসংলগ্ন ডোরাডাবরি এলাকা থেকে। তারা ভারতীয় নাগরিক রশিদুল রহমানের বাড়িতে অবস্থান করছিলেন। এ ঘটনায় রশিদুলের স্ত্রী রাবেয়া বিবিকে আশ্রয় দেওয়ার অভিযোগে আটক করা হয়েছে। পুলিশ সূত্রের দাবি, পাঁচজন বাংলাদেশি অবৈধভাবে আন্তর্জাতিক সীমান্ত পেরিয়ে পশ্চিমবঙ্গে প্রবেশ করেন। এরপর তারা রশিদুল রহমানের বাড়িতে আশ্রয় নেন।

## তৃতীয় মেয়াদে প্রেসিডেন্ট হবেন ট্রাম্প: স্টিভ ব্যানন

সূর্যোদয় প্রতিবেদন

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ২০২৮ সালে তৃতীয় মেয়াদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন বলে দাবি করেছেন তার সাবেক প্রধান কৌশলবিদ স্টিভ ব্যানন। তিনি আরও জানান, যুক্তরাষ্ট্রের সংবিধানের ২২তম সংশোধনীতে প্রেসিডেন্টদের দুই মেয়াদের সীমা থাকলেও, ট্রাম্পের ঘনিষ্ঠ মহল এই সীমা এড়ানোর জন্য একটি 'পরিকল্পনা' প্রস্তুত করেছে। ব্রিটিশ সাময়িকী দ্য ইকোনমিস্ট-কে দেওয়া এক সাক্ষাৎকারে ব্যানন বলেন, "ট্রাম্প তৃতীয় মেয়াদে নির্বাচিত হতে যাচ্ছেন। জনগণের উচিত এখন থেকেই এটির জন্য প্রস্তুত হওয়া।" তিনি আরও বলেন, "২২তম সংশোধনীর সীমাবদ্ধতা অতিক্রম করতে আমরা বিভিন্ন বিকল্প বিবেচনা করছি। উপযুক্ত সময়ে পরিকল্পনাটি প্রকাশ করা হবে। তবে একটা পরিকল্পনা আছে ট্রাম্প ২০২৮ সালে আবারও প্রেসিডেন্ট হবেন।" ট্রাম্পকে প্রশংসা করে ব্যানন বলেন, "ট্রাম্প হলেন ঐশ্বরিক ইচ্ছার হাতিয়ার। আমরা যা শুরু করেছি তা শেষ করতে তাঁর আরেকটি মেয়াদ প্রয়োজন। অন্তত আরও এক মেয়াদ তিনি পাবেন, এবং ২০২৮ সালেই সেটা ঘটবে।"